

## 💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ১৩৩৪

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند على بن أبي طالب)

বাংলা

১৩৩৪। ৯১৫ নং হাদীস দ্রষ্টব্য।

৯১৫। ইকরামা বলেছেন, আমি আলী (রাঃ) এর ছেলে হুসাইন (রাঃ)-এর সাথে মুযদালিফা থেকে রওয়ানা হলাম। তখন থেকে আকাবার জামরায় কংকর নিক্ষেপ করা পর্যন্ত তাকে সর্বক্ষণ তালবিয়া পড়তে শুনেছি। তাকে যখন এ বিষয়ে জিজ্ঞাসা করলাম, তখন তিনি বললেনঃ আমি আমার পিতার সাথে মুযদালিফা থেকে যাত্রা করেছিলাম এবং তখন থেকে আকাবার জামরায় কংকর নিক্ষেপ করা পর্যন্ত তাকে সর্বক্ষণ তালবিয়া পড়তে শুনেছি। তাঁকে যখন জিজ্ঞাসা করলাম, তখন বললেন, আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে মুযদালিফা থেকে যাত্রা করেছিলাম এবং তখন থেকে আকাবার জামরায় (শেষ জামরা) কংকর নিক্ষেপ পর্যন্ত তাকে সর্বক্ষণ তালবিয়া পড়তে শুনেছি।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন